পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৫/৮৬৮৭ তারিখঃ ১৩/১০/২০২৫ খ্রিষ্টাব্দ

# অফিস সার্কুলার

**বিষয়ঃ সংস্থার "গবেষণা, যোগাযোগ ও প্রকাশনা বিভাগ" ও "প্লানিং, কোঅর্ডিনেশন অ্যান্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট ইউনিট" এর নাম পরিবর্তন এবং "মাইক্রোফাইন্যান্স অপারেশন মনিটরিং অ্যান্ড স্ট্রাটেজিক প্লানিং ইউনিট" এর নাম পরিবর্তন পূর্বক বিভাগ এ উন্নীতকরন প্রসঙ্গে।**

সূত্রঃ (১) স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৪/৩৯৭৬, তারিখঃ ০২/০৬/২০২৪ খ্রিষ্টাব্দ।
(২) স্মারক নংঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০২৩/৫০৭, তারিখঃ ২৫/০১/২০২৩ খ্রিষ্টাব্দ।

ক. বর্ণিত বিষয় ও স্মারক সূত্র মোতাবেক সংস্থার কার্যক্রমকে আরো বেশি গতিশীল করা এবং আওতাভুক্ত প্রধান প্রধান কাজের ধরণ অনুসারে উপযুক্ত নামকরন নিশ্চিত করার লক্ষ্যে **"গবেষণা, যোগাযোগ ও প্রকাশনা বিভাগ"** ও **"প্লানিং, কোঅর্ডিনেশন অ্যান্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট ইউনিট"** এর নাম পরিবর্তন এবং একইসাথে **"মাইক্রোফাইন্যান্স অপারেশন মনিটরিং অ্যান্ড স্ট্রাটেজিক প্লানিং ইউনিট"** এর নাম পরিবর্তন পূর্বক বিভাগ এ উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

খ. সে লক্ষ্যে, সংস্থার **"গবেষণা, যোগাযোগ ও প্রকাশনা বিভাগ"** এর নাম পরিবর্তন করে **"ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন বিভাগ"** নামে নামকরণ এবং **"প্লানিং, কোঅর্ডিনেশন অ্যান্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট ইউনিট"** এর নাম পরিবর্তন করে **"প্লানিং অ্যান্ড কোঅর্ডিনেশন ইউনিট"** নামে নামকরণ করা হলো।

গ. এছাড়া **"মাইক্রোফাইন্যান্স অপারেশন মনিটরিং অ্যান্ড স্ট্রাটেজিক প্লানিং ইউনিট"** কে **"বিজনেস স্ট্রাটেজি অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট বিভাগ"** নামে নামকরন ও বিভাগ এ উন্নীত করা হলো।

ঘ. **"বিজনেস স্ট্রাটেজি অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট বিভাগ"** এর আওতায় অর্পিত সকল কার্য সুষ্ঠু সম্পাদন, নিবিড় পর্যবেক্ষণ এবং অফসাইড ও অনসাইড মনিটরিং শতভাগ নিশ্চিত করণের লক্ষ্যে **জনাব আবদুল্লাহ বিন রেজা, সিনিয়র সহকারী পরিচালক** কে তার বর্তমান দায়িত্ব থেকে অবমুক্ত করে **"বিজনেস স্ট্রাটেজি অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট বিভাগ"** এর বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব প্রদান করা হলো। অত্র বিভাগের আওতায় কর্মরত সকল কর্মী দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধানের নিকট জবাবদিহী করবে ও দায়বদ্ধ থাকবে এবং বিভাগীয় প্রধান সরাসরি উপ নির্বাহী পরিচালক এর নিকট জবাবদিহী করবেন ও দায়বদ্ধ থাকবেন।

**ঙ. অত্র অফিস আদেশ ১৮/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ থেকে কার্যকর বলে বিবেচিত হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।**

সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে বলা হলো।

**(মোঃ সালেহ বিন সামস)**
**নির্বাহী পরিচালক**

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**
প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

**অনুলিপিঃ অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে প্রেরণ করা হলো)**
১) উপ নির্বাহী পরিচালক, প্রধান কার্যালয়।
২) পরিচালক, আই.সি.টি বিভাগ এবং ভারপ্রাপ্ত পরিচালক, এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
৩) উপ পরিচালক, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪) সংস্থায় কর্মরত সকল কর্মী।
৫) অফিস কপি।